কায়স্থ-কৌস্তুভ।

অর্থাৎ

বৈকুণ্ঠবাসী মহাত্মা রাজনারায়ণ মিত্র কর্ত্তৃক "কায়স্থ-কৌস্তুভ" সংখ্যাত্রয়ের সার-সংগ্রহ, যাহাতে আন্দুলাধিপতি স্বর্গগত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর বহু বুধগণের ব্যবস্থায় ক্ষত্রিয় প্রমাণ করিয়া আপন কুমারকে উপবীত ধারণ করান, সেইসকল প্রমাণ এবং স্বাধীন ও রাজোপাধিধারি কায়স্থগণ, প্রাচীন শ্রীমন্ত, কীর্ত্তিবন্ত, যশোবন্ত কায়স্থদিগের নামেব তালিকা।

[কায়স্থ-হিতৈষি-বন্ধুবর্গের বিতরণার্থে মুদ্রিত।]

কলিকাতা।

শ্রীঈশ্বরচন্দ্র বসু কোং বহুবাজারস্থ ২৪৯ সংখ্যক ভবনে
ষ্ট্যান্‌হোপ্‌ যন্ত্রে মুদ্রিত।

সন ১২৮২ সাল, চৈত্র।

☞ এই পুস্তক যে কোন ভদ্র-কায়স্থগণের প্রয়োজন হইবে, তিনি স্বয়ং বা লিপিদ্বারা ৮ নন্দরাম সেনের ষ্ট্রীট ১১ নং ভবনে, শ্যামবাজারস্থ রায় মোহনলাল মিত্র ভূম্যধিকারির ভবনে, এবং রাজা রাজবল্লভের ষ্ট্রীটে শ্রীযুক্ত পণ্ডিত বৃন্দাবন চন্দ্র মিত্রের নিকট প্রাপ্ত হইবেন।

কায়স্থ-কৌস্তভ।

অর্থাৎ

বৈকুণ্ঠবাসী মহাত্মা রাজনারায়ণ মিত্র কর্ত্তৃক "কায়স্থ-কৌস্তভ"
সংখ্যাত্রয়ের সার-সংগ্রহ, যাহাতে আন্দুলাধিপতি স্বর্গ-
গত রাজা রাজনারায়ণ রায় বাহাদুর বহু বুধ-
গণের ব্যবস্থায় ক্ষত্রিয় প্রমাণ করিয়া আপন
কুমারকে উপবীত ধারণ করাণ, সেই
সকল প্রমাণ এবং স্বাধীন ও রাজো-
পাধিধারি কায়স্থগণ, প্রাচীন
শ্রীমন্ত, কীর্ত্তিবন্ত, যশোবন্ত
কায়স্থদিগের নামের
তালিকা।

[কায়স্থ-হিতৈষি-বন্ধুবর্গের বিতরণার্থে মুদ্রিত।]

কলিকাতা।

শ্রীঈশ্বরচন্দ্র বসু কোং বহুবাজারস্থ ২৪৯ সংখ্যক ভবনে
ষ্ট্যানহোপ্ যন্ত্রে মুদ্রিত।

সন ১২৮২ সাল, চৈত্র।

ওঁ তৎসৎ

ভূমিকা।

মহাত্মা ৺ রাজনারায়ণ মিত্র সন ১২৫১ সালে ১ম ও ২য় সংখ্যা এবং সন ১২৫৫ সালে ৩য় সংখ্যা কায়স্থকৌস্তুভ প্রকাশ করেন তাহাতেই ভগবান চিত্রগুপ্ত-সন্তান কায়স্থগণের স্বজাতিপক্ষে জ্ঞানচক্ষুঃ উন্মীলিত হইল। কিছু দিবস পরে সেই সকল পুস্তকের মত প্রবল না হওয়াতে ঐ গ্রন্থ ক্রমে লুপ্তপ্রায় হইয়া গেল। সম্প্রতি কএক মাস হইল বারাণসীর মহারাজার সভা হইতে বৈকুণ্ঠবাসী স্যার রাজা রাধাকান্ত বাহাদুরের প্রিয়াত্মজ পিতৃভক্তিপরায়ণ শ্রীমান্ রাজা রাজেন্দ্র নারায়ণ দেব বাহাদুরের প্রতি কায়স্থকৌস্তুভ প্রেরণের আদেশ আসিয়াছিল, তাহাতে রাজা বাহাদুর সেই গ্রন্থ অপ্রাপ্তি জন্য পাঠাইতে পারিলেন না। এই সংবাদ শ্রবণানন্তর আমি অত্যন্ত দুঃখিত হইয়া যাহাতে কায়স্থকৌস্তুভ পুনঃ প্রকাশিত হয় তাহাতে বিশেষ যত্নবান হইলাম। কিন্তু তাহার পরেই জানিতে পারিলাম যে কলিকাতা কুমারটুলি নিবাসী পণ্ডিতবর শ্রীযুক্ত বৃন্দাবনচন্দ্র মিত্র স্বয়ং ঐ কায়স্থকৌস্তুভের মতকে প্রবল করিবার জন্য পুরাণ তন্ত্র ও শব্দকল্পদ্রুম প্রভৃতি নানা শাস্ত্র হইতে প্রমাণ সংগ্রহ করিয়া এক বৃহৎ পুস্তক প্রকাশ করিবার উদ্যোগ করিতেছেন, তাহাতেই আমি সেই আশায় কৌস্তুভগ্রন্থ পুনঃ প্রকাশ করিতে ক্ষান্ত হইয়াছিলাম।

"নচ দৈবাৎ পরং বলং"

অর্থাৎ দৈব বশতঃ কলিকাতার দক্ষিণ রাজা আদিত্য-

সুরপুর-বাসি ও তৎসংলগ্ন গ্রাম শ্রীহরিনাভি ও কোদালে-নিবাসী চিত্রগুপ্তবংশজ কতিপয় কায়স্থ সেই কৌস্তুভের তৃতীয় সংখ্যা লিখিত যে ব্যবস্থাতে ব্রহ্মর্ষিতুল্য ৺ অভয় চরণ তর্কালঙ্কার, ৺ জয়নারায়ণ তর্কপঞ্চানন, ৺ হলধর তর্ক-চূড়ামণি প্রভৃতি ৩৯ জনের মতে কায়স্থকে ক্ষত্রিয়ত্ব প্রমাণ করিয়াছিলেন সেই ব্যবস্থা বেদের স্বরূপ জ্ঞান করিয়া শূদ্রত্ব ভাব পশ্চাৎ রাখিয়া ক্ষত্রিয়ত্ব ভাব গ্রহণ পূর্ব্বক গত শ্রাবণ মাসে শ্রীশ্রীহরি স্মরণানন্তর উপবীত ধারণ করিয়া-ছেন, সেই হেতু উক্ত গ্রামবাসিগণের পোষকতার্থে কায়স্থ-কৌস্তুভের সার সংগ্রহ করিয়া প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম। বিশেষতঃ উক্ত গ্রন্থ প্রকাশক মহাত্মা মিত্রজ মহাশয়ের ভ্রাতুষ্পুত্র ইংরাজিতে সুশিক্ষিত শ্রীমান্ হরিশ্চন্দ্র মিত্র বাবু এবিষয় পুনঃ প্রকাশ হওনের মহা উৎসাহী এবং যত্নবান আছেন এবং তিনি ইং ১৮৭০ ৯ই জুলাই দিবসে এক ইংরাজি মহাসভাতে জাতীয় বিষয় দীর্ঘ বক্তৃতা ইংরাজিতে নানা পুরাণ শাস্ত্র হইতে কায়স্থ শূদ্র নহে কোন কোন অংশ বৈশ্যের ন্যায় ব্যবহার এবং স্পষ্ট ক্ষত্রিয় সপ্রমাণ করিয়াছেন তাহার একখানি ইংরাজি গ্রন্থ প্রকাশ আছে। অতএব এক্ষণে কায়স্থ-কৌস্তুভ-সার প্রকাশ করণের কোনমতেই বিলম্বের প্রয়োজন নাই॥

কলিকাতা। শোভাবাজার ৺নন্দ-রাম সেনের ইষ্ট্রীট, ১১ নং, সন ১২৮১। তারিখ আশ্বিন।	মজুমদার শ্রীগুরুচরণ বর্ম্মদেবস্য।

কায়স্থকৌস্তুভসারসংগ্রহ

[শকাব্দা ১৭৬৬তে কায়স্থকুলোদ্ভব বৈকুণ্ঠবাসি রাজনারায়ণ মিত্র প্রকাশিত প্রথম সংখ্যা কায়স্থকৌস্তুভ হইতে উদ্ধৃত।]

ওঁতৎসৎ।

উপলক্ষ।

যথা কর্ণাটরাজ্যো গৌড়েশ্বর কায়স্থ শ্রীযুক্ত মহারাজ আদিত্যসুর বাহাদুর সম্বৎ পূর্ব্বে ২৩৪ বৎসরে কৃষ্ণপক্ষে বুধবারে প্রতিপৎ তিথিতে অমৃতযোগে অশ্বিনী-নক্ষত্রে আশ্বিন মাসে এক পত্রী শ্রীযুক্ত মহারাজ বীরসিংহ বাহাদুর কাম্বোজ দেশাধিপতিকে লিখিয়াছিলেন "যে ঐ দেশ হইতে পঞ্চ জন ব্রাহ্মণ ও পঞ্চজন কায়স্থ যথার্থ বেদবেত্তা দেবজ্ঞ ব্রহ্মনিষ্ঠ বেদান্তী যাজ্ঞিক ও যজ্ঞক্ষম ব্রাহ্মণ ও কায়স্থ বর্ণানুষ্ঠান যজ্ঞকরণার্থে পাঠাইয়া দিতে।" তদুপলক্ষে ঐ রাজা কাম্বোজ দেশ হইতে গৌড়দেশে দশজন যজ্ঞের উপযুক্ত যাজ্ঞিক ব্যক্তিদিগকে পাঠাইয়াছিলেন। ঐ দশজন মহাপুরুষের সন্তান প্রায় তাবৎ এপ্রদেশে ব্রাহ্মণ ও কায়স্থ মহাশয়েরা

অদ্যাপি আছেন। ইহারা তিন ভাগে তিন রাজ্যের নামে খ্যাত হইয়াছেন। দক্ষিণরাঢ়ী উত্তররাঢ়ী ও বঙ্গজ। অর্থাৎ যাহারা পরে পরে বঙ্গদেশে জাত হইয়াছেন ইহারদিগের পূর্ব্বনিবাস কাম্বোজদেশ। ঐ দেশের পশ্চিমে নর্ম্মদা নদী, দক্ষিণে তৃপ্তি নদী, উত্তরে মালবদেশ অবন্তী নগর, পূর্ব্বে মৎস্যদেশ বিরাট রাজ্য, তৎপূর্ব্ব এই গৌড়দেশ।"

পরমাত্মনে নমঃ।

অথ গ্রন্থারম্ভঃ।

কায়স্থোৎপত্তি লিখ্যতে।

পাদ্মে সৃষ্টিখণ্ডে।
সৃষ্টাদৌ সদসৎকর্ম্মগুপ্তয়ে প্রাণীনাং বিধি।
ক্ষণং ধ্যানাস্থিতস্যাস্য সর্ব্বকায়াদ্বিনির্গতঃ।
দিব্যরূপঃ পুমান্ হস্তে মসীপাত্রঞ্চ লেখনী॥
চিত্রগুপ্ত ইতি খ্যাতো ধর্ম্মরাজসমীপতঃ।
প্রাণীনাং সদসৎকর্ম্ম লেখ্যায় স নিরূপিতঃ॥
ব্রহ্মণাতীন্দ্রিয়জ্ঞানী দেবাগ্ন্যোর্যজ্ঞভুক্ স বৈ।
ভোজনাচ্চ সদা তস্মাদাহুতি দীয়তে দ্বিজৈঃ॥
ব্রহ্মকায়োদ্ভবো যস্মাৎ কায়স্থো বর্ণ উচ্যতে।
নানাগোত্রাশ্চ তদ্বংশ্যাঃ কায়স্থা ভুবি সন্তি বৈ॥

সৃষ্টির আদিতে সদসৎকর্ম্ম প্রাণিদিগের জানিবার নিমিত্ত বিধি সৃষ্টি করিয়াছিলেন তিনি ক্ষণকাল ধ্যানেতে স্থিত হইলে তাঁহার সর্ব্ব কায় হইতে মশি পাত্র এবং লেখনী হস্তে করিয়া সুন্দর এক পুরুষ বিনির্গত হইলেন। ঐ পুরুষ প্রাণিদিগের সদসৎকর্ম্ম লিপিবদ্ধ করিবার নিমিত্ত

চিত্রগুপ্ত নাম ধারণ করিয়া ধর্ম্মরাজের নিকটে নিরূপিত হইলেন।

ঐ ইন্দ্রিয়াতীত জ্ঞান পুরুষকে ব্রহ্মা দেবাগ্নি মধ্যে যজ্ঞ-ভাগ অর্পণ করিয়াছিলেন।

এই হেতু ব্রাহ্মণেরা ভোজন এবং পূজাকালীন ঐ পুরুষকে আহুতি দিয়া থাকেন।

সেই পুরুষ ব্রহ্মকায় হইতে উদ্ভব হইয়াছিলেন বলিয়া কায়স্থ নামক জাতি প্রাপ্ত হইলেন।

ঐ বংশোদ্ভব কায়স্থ গণ নানাগোত্রে বিনিষ্ট হইয়া পৃথিবীতে বাস করিতেছেন।

"শৌচমাস্তিক্যমভ্যাসোবেদেষু গুরুপূজনং।
প্রিয়াতিথিত্বমিজ্যাচ ব্রহ্মকায়স্য লক্ষণং॥

আয়ুর্ব্বেদ"॥

অর্থাৎ শুচি আস্তিকতা বেদাভ্যাসে রত গুরুপূজাসক্ত অতিথি সেবা এবং যাগাদি কর্ম্মে অতিপ্রিয়তা এই সকল লক্ষণযুক্ত চিত্রগুপ্তসন্তান ব্রহ্মকায়স্থ জানিবেন।

কায়স্থোঽক্ষর জীবকঃ

হেমচন্দ্র।

অর্থাৎ কায়স্থদিগের কেবল অক্ষর জীবিকা।

"গঙ্গা নতোয়ং কণকং ন ধাতুস্তৃণং ন দর্ভঃ পশবো ন গাবঃ।
প্রজাপতেঃ কায়সমুদ্ভবাশ্চ কায়স্থবর্ণা ন ভবন্তি শূদ্রাঃ॥

যমস্মৃতি।

অর্থাৎ যেমন গঙ্গাজল জল নহে ব্রহ্মরূপ, সুবর্ণধাতু ধাতু নহে নারায়ণস্বরূপ, দর্ভতৃণ তৃণ নহে পবিত্ররূপ, গাভী-

পশু পশু নহে দেবীরূপা, তদ্রূপ কায়স্থবর্ণ শূদ্র নহে ক্ষত্রিয়রূপ।

হে সুযজ্ঞ নৃপশ্রেষ্ঠ ব্রাহ্মণাতিপ্রিয়োনৃপঃ।
পশ্যৈতান্ বিপ্রভৃত্যাং স্ত্বমাসনাদিশিরোধৃতান্॥
অতোঘোরে কলাবেতে ভবিষ্যন্তি দ্বিজার্চ্চকাঃ।
জাত্যামসীশাঃ কায়স্থা ব্রাহ্মণেশ্বরমানসাঃ॥
মহাবিদ্যোপাসকাশ্চ গুণতঃ ক্ষত্রিয়োপমাঃ।
কলৌ হি ক্ষত্রিয়াভাবাদ্বৈশ্যাভাবাচ্চ সুব্রত॥
এতে ভক্ত্যা ভবিষ্যন্তি বিপ্রমানাঃ সহিষ্ণবঃ।
বিপ্রপ্রিয়া বিপ্রভক্তা বিপ্রমানপ্রদায়তঃ॥
মহাবিদ্যাপ্তয়শ্চৈতে ক্ষত্রকর্ম্মকৃতাঃ কলাবিতি॥
অলমতিবিস্তরেণ।

আচারনির্ণয়তন্ত্রে।

হে মহারাজ এই কায়স্থ বিপ্রভৃত্য ব্রাহ্মণের চরণে যাহারদিগের মস্তক নত হইয়াছে কলিতে ইহারাই দ্বিজ-পূজা প্রীতিপূর্ব্বক করিবেন, ইহারা জাতিতে মসীজীবি ও লেখক ইহারা ব্রাহ্মণের অতি প্রিয়পাত্র ব্রাহ্মণেরা মনের সহিত ইঁহারদিগকে ভাল বাসেন, ইহারা মহাবিদ্যা দেবীর উপাসক, আর গুণেতে ক্ষত্রিয় জাতি হয়েন, বিশেষতঃ ইঁহারা কলিতে ক্ষত্রিয়ভাবাপন্ন হইবেন ইঁহারা কলিযুগে ক্ষত্রিয়ভাবা অর্থাৎ হে মহারাজ কলিযুগে ক্ষত্রিয় ও বৈশ্যের কর্ম্ম ও আচার ও ব্যবহার ইহাঁরাই করিবেন, আর ইহাঁ-রাই কলিতে ব্রাহ্মণের ভক্ত হইবেন, ও ব্রাহ্মণের মানরক্ষা করিবেন ও ব্রাহ্মণের দৌরাত্ম্য সহিষ্ণুতা করিবেন দেবী

উপাসক হইবেন এবং ক্ষত্রিয়ের কর্ম্ম করিবেন আর অধিক কি কহিব।

ক্ষত্রিয়ত্বগতেশ্চোত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ॥

বেদান্তসূত্রং।

অর্থাৎ পরে পরশ্রুতিতে চৈত্ররথ নামা প্রসিদ্ধ ক্ষত্রিয় শব্দের দ্বারা ক্ষত্রিয়ের উপলব্ধি হয় শূদ্রের উপলব্ধি হয় নাই।

অথ সংক্ষিপ্ত কায়স্থ-বংশাবলি।

চিত্রগুপ্ত দেব—আদিপুরুষ ইহাঁরই ৯নাম শাস্ত্রে লেখেন।

১ যম—অর্থাৎ ব্রহ্মার বাহু হইতে যুগল ভ্রাতা চিত্র ও বিচিত্র উৎপন্ন হয়েন এ প্রযুক্ত যমক নামে যম নাম হইয়াছে।

২ ধর্ম্মরাজ—অর্থাৎ ন্যায় বিচারক।

৩ পিতৃপতি—অর্থাৎ হিমালয়ের দক্ষিণদিগের অধিপতি।

৪ কৃতান্ত—অর্থাৎ সিদ্ধান্তক।

৫ শমন—অর্থাৎ মনের ধীরতা।

৬ দণ্ডধর—অর্থাৎ শাস্তা।

৭ শ্রাদ্ধদেব—অর্থাৎ পিণ্ডভুক্।

৮ বৈবস্বত—অর্থাৎ বৈবস্বত মনু।

৯ যুগ্ম—অর্থাৎ যমকোৎপন্ন।

চৈত্ররথ দেব—(চিত্রগুপ্তের পুত্র) অর্থাৎ কুবেরের কানন ধনকুবেরের প্রায় অতিশয় ধনাঢ্য ইহ চিত্রকূট পর্ব্বতের রাজা গৌতম ঋষি ইহাঁকে উপনয়ন সংস্কার করিয়াছেন।

চিত্রভানু দেব—(চৈত্ররথের পুত্র) অর্থাৎ শিবানুরূপ সূর্য্যতুল্য পরাক্রমী।

চিত্রশিখণ্ডী দেব—(চিত্রভানুর পুত্র) অর্থাৎ ময়ুরের পুচ্ছযুক্ত মুকুটধারী।

ক্রতু দেব—(চিত্রশিখণ্ডীর পুত্র) অর্থাৎ যাগ, যজ্ঞ, হোম, ও পূজায় সর্ব্বদা রত, ইহার অনেকানেক সন্তান ইহারদিগের গুণানুসারে উপাধি হইয়াছে, ইহারদিগের বিশেষ কর্ণাট্‌রাজ্জী ও কবিময়ূর গ্রন্থে বর্ণন আছে, ক্রতু মহাশয় সপ্ত ঋষির অবতার ইহাকেই লোকে ব্রহ্ম সন্তান কহে ইহারই সন্তানদিগের উপাধি।

১ ঘোষ, ২ বসু, ৩ মিত্র, ১ দেব, ২ দত্ত, ৩ কর, ৪ পালিত, ৫ সেন, ৬ সিংহ, ৭ দাস, ৮ গুহ।

১ ব্রাহ্মা, ২ বিষ্ণু, ৩ রুদ্র, ৪ গণ।
৫ ভঞ্জ, ৬ ভদ্র, ৭ নাগ, ৮ মন॥
৯ ইন্দ্র, ১০ চন্দ্র, ১১ সোম, ১২ রক্ষিত।
১৩ আদিত্য, ১৪ পাল, ১৫ নাথ, ১৬ বিদিৎ॥
১৭ ধনুঃ, ১৮ বাণ, ১৯ গুণঃ, ২০ স্বর।
২১ তেজ, ২২ শক্তি, ২৩ স্বারং, ২৪ ধ্বর॥

২৫ ২৬ ২৭ ২৮
আইচ, অর্ণব, আষ, দানা।
২৯ ৩০ ৩১ ৩২
খিল, পিল, শিল, সানা॥
৩৩ ৩৪ ৩৫ ৩৬
রাজ, রাহুৎ, রাণা, শূর।
৩৭ ৩৮ ৩৯ ৪০
কিত্তি, বল, বর্দ্ধন, অঙ্কুর॥
৪১ ৪২ ৪৩ ৪৪
নন্দী, বিন্দু, বন্দু, শ্যাম।
৪৫ ৪৬ ৪৭ ৪৮
হুই, গুই, গণ্ড, দাম॥
৪৯ ৫০ ৫১ ৫২
নাদ, নোদ, গুড়, গুই।
৫৩ ৫৪ ৫৫ ৫৬
গুপ্ত, বেশ, যশ. ভুই॥
৫৭ ৫৮ ৫৯ ৬০
রাহা, দাহা, কুণ্ড, পাই।
৬১ ৬২ ৬৩ ৬৪
খাম, খেম, খঞ্জ, বই॥
৬৫ ৬৬ ৬৭ ৬৮
ধরণি, হোড়, মান, হেম।
৬৯ ৭০ ৭১ ৭২
দণ্ডী, হোম, গুহ, ক্ষেম॥

কায়স্থ কৌস্তুভ।

২য় সংখ্যা।

উপলক্ষ।

বাহ্বোশ্চ ক্ষত্রিয়া জাতাঃ কায়স্থা জগতীতলে।
চিত্রগুপ্তঃ স্থিতঃ স্বর্গে বিচিত্রো ভূমিমণ্ডলে॥
চৈত্ররথস্তু তস্তস্য যশস্বী কুলদীপকঃ।
ঋষিবংশে সমুদ্ভূতো গৌতমো নাম সত্তমঃ॥
তস্য শিষ্যো মহাপ্রাজ্ঞঃ চিত্রকূটাচলাধিপঃ॥

আপস্তম্ব শাখা।

প্রজাপতির বাহু হইতে কায়স্থ ক্ষত্রিয়বর্ণ উৎপন্ন হইয়া চিত্রগুপ্ত স্বর্গে রহিলেন বিচিত্র পাতালে গমন করিলেন। ঐ চিত্রগুপ্তের পুত্র চৈত্ররথ কুলপ্রদীপ গৌতম ঋষির শিষ্য চিত্রকূট পর্ব্বতের রাজা হইলেন।

তদর্থ অনুমিতে শ্রীপদ্মপুরাণে শ্রীভগবৎ চিহ্ন উপলক্ষে বর্ণন করিয়াছেন।

শ্রীবৎসকৌস্তুভোরস্কং মুক্তাহারোপশোভিতং।
বিদ্যারত্নসমাযুক্তং মুদ্রিকাভিরলঙ্কৃতং ইত্যাদি॥

অর্থাৎ শ্রীভগবৎ শরীরে এক বিংশতি চিহ্ন তন্মধ্যে কৌস্তুভ কণ্ঠ মণির কিরণে দীপ্তিমান্ শোভান্বিত যে শ্রীবৎস বক্ষঃস্থলে বামপার্শ্বে নানা বিদ্যারত্ন সংযুক্তে কায়স্থ ক্ষত্রিয় চিহ্ন অলঙ্কার স্বরূপে চিত্র বিচিত্র নানা প্রকারে মুদ্রাঙ্কিত হইয়াছেন। শ্রীভগবানের বক্ষঃস্থলে দক্ষিণ পার্শ্বে ব্রহ্মসূত্রে বেদ ত্রিপাদ গায়ত্রী প্রণব ব্যাহৃতি স্বর্ণরেখারূপে বিপ্রপাদ মুখ্য চিহ্ন অর্থাৎ আদ্য চিহ্ন যেহেতুক ব্রহ্ম সকলের আদ্য এজন্য সত্ত্বগুণে স্বর্ণ রেখায় ব্রাহ্মণ চিহ্ন শাস্ত্রে কহেন। বামপার্শ্বে শ্রীবৎস কায়স্থ ক্ষত্রিয় চিহ্ন চতুর্দ্দলে রজত রেখা বাস্তবিক রজোগুণাক্রান্ত কায়ক্ষেত্রে কায়স্থ ক্ষত্রিয় চিহ্ন। এতদ্ভিন্ন ভগবানের পাদপদ্মে ঊনবিংশতি চিহ্ন সমুদায় একবিংশতি চিহ্ন চতুরংশে বিস্তার হইয়া চতুরশীতি প্রকার চিত্র বিচিত্র নামে ব্রহ্ম কায়াতে কায়স্থ উৎপন্ন হইয়াছেন। ঐ চিত্র বিচিত্রের প্রধানরূপ এক বিংশতি চিহ্নের অবতার যমালয়ে এক বিংশতি যমরূপে পৃথক্ বিচারের সভা তথায় আছে এই জন্য যমালয়ে এক বিংশতি নরক বর্ণন হইয়াছে মুখ্য কল্পে। যথা—শঙ্খ, চক্র, গদা, পদ্মের অবতার অনিরুদ্ধ, প্রদ্যুম্ন, শঙ্কর্ষণ, বাসুদেব। তদ্রূপ ভগবতাঙ্গ চিহ্নের অবতার চিত্র বিচিত্র একবিংশতি প্রধান তন্মধ্যে শ্রীবৎস লাঞ্ছন। ব্রহ্মচিহ্নে উৎপন্ন ব্রাহ্মণ ইহাদিগের পিতৃলোক সামবেদানুসারে সোমপা নামে বিখ্যাত এবং কায়ক্ষেত্রে শ্রীবৎস কায়স্থ ক্ষত্রিয় উৎপন্ন ইহারদিগের পিতৃ-লোক হবির্ভূবনানুসারে হবির্ভুজ নামে বিখ্যাত ইহা শ্রীভগবান্ মনু কহিয়াছেন।

শ্রীবৎসলাঞ্ছনের বিবরণ।

এই রাজশ্রী চিহ্ন হইতে অস্ত্র সকল উৎপন্ন হয়েন, ইহ স্বয়ং অস্ত্রাকার, যথা—কাটার কিরীচ যমধার অর্থাৎ পেস্ক-বজ এবং কায়স্থদিগের কলমের অগ্রভাগ এপ্রযুক্ত কাটার আকৃতি যমধার হয়েন। এই চিহ্ন শ্রীভগবৎকায় চতুরঙ্গ-দলে চতুর্দ্ধারে প্রকাশ হইয়াছেন, যথা শাস্ত্রধার, শস্ত্রধার, শূরধার, সৈন্যধার।

শাস্ত্রধার।

ঋগে্বদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ভাগবৎবেদ, ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদ, রাজবিদ্যা, চিত্রবিদ্যা, বিচিত্রবিদ্যা, বায়ুর্বিদ্যা, অগ্নিবিদ্যা, জলবিদ্যা, ক্ষিতিবিদ্যা। দেববাণী, মনুষ্যবাণী, পশুবাণী, পক্ষিবাণী, পতঙ্গবাণী, কীটবাণী আকাশবাণী॥ ২১॥

শস্ত্রধার।

কালাগ্নিব্রহ্মঅস্ত্রসুদর্শনচক্র, বমাগ্নিদণ্ডঅস্ত্র, দেবাগ্নি-বজ্রঅস্ত্র, ত্রিদোষাগ্নিত্রিশূলঅস্ত্র, যমধারকাটারঅস্ত্র, হল-মূবললাঙ্গলগদাঅস্ত্র, শেল, শূল, বাঁটুল, লোহশঙ্কু, সংহাত, তপন, শরজাল অস্ত্র, একাগ্নিঅস্ত্র, সূচি, জটা, তোমর, পরশু, অসি, উল্কা অস্ত্র॥ ২১॥

শূরধার।

জয়, যুদ্ধ, যজ্ঞ, বল, দর্প, দক্ষ, বীর্য্য, শৌর্য্য, সাহস, তেজ, ধৈর্য্য, সন্ধি, প্রতাপ, প্রাখর্য্য, প্রতপ্ত, প্রতিকূল, অন্বেষণ, করগ্রহণ, শাসন, তাডন, বিদরণ॥ ২১॥

সৈন্যধার।

সেনাপতি, মহারথী, রথী, পদাতি, সারথি, হয়, হস্তী, বাণ, ডঙ্কা, নিশান, তূরী, ভেরী, মাদল, শঙ্খ। দণ্ডব্যূহ, শকটব্যূহ, বরাহব্যূহ, মকরব্যূহ, গরুড়ব্যূহ, সূচীব্যূহ, চক্রব্যূহ॥ ২১॥

এই একবিংশতি প্রকার চিত্র বিচিত্র চতুরংশে বিস্তার হইয়া চতুরশীতি প্রকার কায়স্থ চিত্রগুপ্ত যম মহাশয় স্বয়ং হইয়াছেন। এই উপলক্ষে কায়স্থ ক্ষত্রিয় বর্ণ যমাবতার।

মনুষ্যের স্বীয় স্বীয় জাতীয় ধর্ম্ম সনাতন হয়, ঐ স্বধর্ম্ম নাশ হইলে নরকে নিয়ত বাস করেন।

উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ।
উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুমঃ॥

গীতা।

অর্থাৎ স্বজাতীয় সনাতন কুলধর্ম্ম হে কৃষ্ণ যে তাহার রক্ষা না করে সে মহা নরকে বাস করে।

মনু ১ অধ্যায়।

মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্তং পুলহং ক্রতুং।
প্রচেতসংবশিষ্টঞ্চ ভৃগুং নারদমেবচ॥ ৩৫॥

মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত, পুলহ, ক্রতু, প্রচেতা পিতৃপতিযম চিত্রগুপ্ত, বশিষ্ট, ভৃগু শুক্রাচার্য্য, নারদ এই দশজন প্রজাপতি॥ ৩৫॥

শ্রীমদ্রানাগরাগৌরাঃ শ্রীবৎসাশ্চৈব মাথুরাঃ।
অহিফণাঃ শৌরসেনাঃ শৈব্যসেনাস্তথৈব চ॥
বর্গোবর্ণাদ্বয়শ্চৈব অম্বষ্ঠাদ্যাশ্চ সত্তম॥

পদ্মপুরাণং

নাগর কায়স্থ, গৌড় কায়স্থ, শ্রীবৎস কায়স্থ, মাথুর কায়স্থ, অহিফণা কায়স্থ, শৌরসেন কায়স্থ, শিবসেন কায়স্থ, চিত্রগুপ্ত কায়স্থ, বিচিত্র কায়স্থ, এবং অম্বষ্ঠ ইত্যাদি কায়স্থ॥

কাকাল্লৌল্যং যমাৎ ক্রৌর্য্যং স্থপতেরথকৃন্তনং।
আদ্যক্ষরাণি সংগৃহ্য কায়স্থ ইতি কীর্ত্ত্যতে॥

উশনাস্মৃতিঃ।

স্বীয় কর্ম্মে নিপুণ কাকের ন্যায় সতর্ক আর যুদ্ধে যমসম নির্দ্দয় ক্রূর স্বভাব ক্ষত্রিয়* শিল্প বিদ্যাজ্ঞ আদ্য অক্ষর ককার হইতে উৎপন্ন হইয়া কায়স্থ নামে বিখ্যাত হইয়াছেন॥"

"কায়স্থোৎপত্তয়োলোকে খ্যাতাশ্চৈব মহামুনে।
ভূয়এব মহাপ্রাজ্ঞ শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ॥
অব্যক্তঃ পুরুষঃ শান্তোব্রহ্মা লোকপিতামহঃ।
যথাসৃজৎ পুরা বিশ্বং কথয়ামি তব প্রভো॥
মুখতোস্য দ্বিজা জাতা বাহুভ্যাং ক্ষত্রিয়াস্তথা।
মহাভীমো মহাবাহুঃ স্যামঃ কমললোচনঃ॥
কম্বুগ্রীবা শিরাগূঢ়ঃ পূর্ণচন্দ্রনিভাননঃ।
লেখনীছেদনীহস্তো মসীভাজনসংযুতঃ॥

---

* ক্ষত্রিয় জাতির ক্রূর স্বভাব মনুও কহিয়াছিলেন।

চিত্রগুপ্তেতি নাম্না বৈ খ্যাতো ভুবি ভবিষ্যসি।
ধর্ম্মাধর্ম্মবিবেকার্থং ধর্ম্মরাজপুরে সদা॥ ইত্যাদি॥

পদ্মপুরাণ।

হে মহামুনি। কায়স্থ উৎপত্তি যে প্রকারে হইয়াছে তাহা শুনহ। অব্যক্ত অব্যয় পুরুষ প্রধান লোকের পিতামহ ব্রহ্মা যে প্রকারে বিশ্ব সৃষ্টি করিলেন তাহা কহি। ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণ জন্মে আর বাহু হইতে ক্ষত্রিয়ের জন্ম, মহাবলবান্ মহাবাহু কৃষ্ণবর্ণ পদ্মচক্ষু কম্বু-গ্রীবা গূঢ়-মস্তক পূর্ণচন্দ্রপ্রায় মুখশ্রী হস্তে লেখনী, কলমছেদক শস্ত্র অসি নীলবর্ণ আভা ধারণ করত কায়া হইতে উৎপন্ন হইয়া চিত্রগুপ্ত নামে বিখ্যাত হইলেন এবং ধর্ম্মাধর্ম্ম বিচার করণার্থে যমালয়ে রহিলেন।

ব্রহ্মোবাচ।

নাম্না ত্বং চিত্রগুপ্তোসি মম কায়াদভূর্যতঃ।
তস্মাৎ কায়স্থবিখ্যাতির্লোকে তব ভবিষ্যতি॥
কায়স্থঃ ক্ষত্রিয়ো বর্ণো নতু শূদ্রঃ কদাচন।
অতোভবেয়ুঃ সংস্কারা গর্ভাধানাদিকা দশ॥
গর্ভাধান হৃতৌ কার্য্যং তৃতীয়ে মাসি পুংক্রিয়া।
মাসাষ্টমে স্যাৎ সীমন্ত উৎপত্তৌজাতকর্ম্ম চ॥
শতাহে নামকরণং পঞ্চমে মাসি নিষ্ক্রমঃ।
ষষ্ঠেহন্নপ্রাশনং মাসি চূড়া কার্য্যা যথাকুলং॥

তথোপনয়নে ভিক্ষা ব্রহ্মচর্য্যব্রতাদিকং।
বাসো গুরুকুলেষু স্যাৎ স্বাধ্যায়াধ্যয়নং তথা॥
কৃত্বাতু মাতৃকাপূজাং বসোর্ধারাং বিধায় চ।
আয়ুষ্যানি চ শান্ত্যর্থং জপেদত্র সমাহিতঃ॥
কুর্য্যান্নান্দীমুখং শ্রাদ্ধং দধিমধ্বাজ্যসংযুতং।
ততঃ প্রধানসংস্কারাঃ কার্য্যা এষবিধিঃস্মৃতঃ॥ ইত্যাদি॥

বিজ্ঞান তন্ত্র।

ব্রহ্মা কহিতেছেন "আমার কায় হইতে তুমি উৎপন্ন হইলে, তোমার নাম চিত্রগুপ্ত কায়স্থ লোকে কহিবে। তুমি কায়স্থ ক্ষত্রিয় বর্ণ, শূদ্র কদাচ নহ এজন্য তোমার গর্ভাধানাদি দশবিধ সংস্কার হইল। প্রথম গর্ভাধান, দ্বিতীয় তিন মাসে পুংসবন, তৃতীয়, অষ্টম মাসে সীমন্তোন্নয়ন, চতুর্থ জাত-কর্ম্ম, পঞ্চম নিষ্ক্রমণ, ষষ্ঠ নামকরণ, সপ্তম অন্নপ্রাশন, অষ্টম চূড়াকরণ উপবীতধারণ, নবম উপনয়ন গায়ত্রীদীক্ষা ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন, বিধিপূর্ব্বক গুরুকুলে বাস করিয়া বেদা-ধ্যয়ন করিবে এবং গায়ত্রী জপ করিবে, দশম মাতৃকা পূজা বসুধারা নান্দীমুখ শ্রাদ্ধ বিধিপূর্ব্বক করিয়া দার-পরিগ্রহ করিয়া গৃহস্থ হইবে তোমার বংশের এই ব্যবস্থা জানিবে।"

মহারাজ আদিত্যসুর কায়স্থ ক্ষত্রিয়বর্ণ ইতি নির্ণয়।

মহারাজ আদিত্যসুরকে যদি কেহ অজ্ঞানপ্রযুক্ত কায়স্থ ক্ষত্রিয়বর্ণ না কহেন তবে সকল শাস্ত্র উচ্ছন্ন হয় যেহেতু

বেদাজ্ঞা উল্লঙ্ঘন করিলে, বেদজ্ঞ ব্রাহ্মণ অবশ্য পতিত হয়েন। পঞ্চজন বেদজ্ঞ ব্রাহ্মণকে এই মহারাজা নিমন্ত্রণ করিয়া আনিয়া যজ্ঞ করিযা দক্ষিণায় রাঢ় ও বারেন্দ্র ভূমি ও অন্তঃ-বেদি অর্থাৎ গঙ্গা ও সরস্বতী নদীর মধ্যে ভূমি এবং গো ও ধেনু ও সুবর্ণ ও রজত ও নানা রত্ন ও বস্ত্র ইত্যাদি ধন, কুশ-বারিসংযুক্তে দান করিয়াছিলেন ঐ বেদজ্ঞ ব্রাহ্মণেরা ঐ রাজার দান প্রতিগ্রহ করিয়াছেন। ইহাতেই অবশ্য তাবৎ পণ্ডিতদিগের অঙ্গীকার করিতে হইবে যে, এই রাজা কায়স্থ ক্ষত্রিয়বর্ণ ছিলেন। কারণ " শ্রীমদ্ভগবান্ মনু মহাশয় কহি-য়াছেন যে ক্ষত্রিয়বংশজ রাজা ব্যতীত ব্রাহ্মণ অন্য বর্ণ রাজা হইতে দান গ্রহণ করিলে স্ববংশ সহিতে পতিত হইয়া একবিংশতি নরকে স্ববংশে গমন করেন।

মনুস্মৃতি ৪ অধ্যায়ঃ।

নরাজ্ঞঃ প্রতিগৃহ্ণীযাদ্ রাজন্যপ্রসূতিতঃ।
সুনাচক্রধ্বজবতাং বেশেনৈবচ জীবতাং ॥ ৮৪ ॥
দশসূনাসমং চক্রং দশচক্র সমোধ্বজঃ।
দশধ্বজসমো বেশো দশবেশসমোনৃপঃ ॥ ৮৫ ॥
যোরাজ্ঞঃ প্রতিগৃহ্ণাতি লুব্ধস্যোচ্ছাস্ত্রবর্ত্তিনঃ।
সপর্য্যায়েন যাতীমান্নরকামেকবিংশতিং ॥ ৮৭ ॥

যে রাজা ক্ষত্রিয়সন্তান নহেন সে রাজা হইতে প্রতিগ্রহ ব্রাহ্মণ করিবেন না। এবং সূনা চক্র ধ্বজ বেশ যাহার উপ-জীবিকা তাহার স্থানেও প্রতিগ্রহ করিবেন না। সূনা শব্দে প্রাণিবধ স্থান, চক্রপদে তৈলযন্ত্র, ধ্বজ পদে মদ্যযন্ত্র বেশপদে

কন্যা-বিক্রয়। দশ সুনার সমান চক্র হয়, দশচক্র সমান ধ্বজ হয়, দশ ধ্বজ সমান বেশ হয়, দশ বেশ সমান অন্যজাতি রাজা হয়, ক্ষত্রিয়ব্যতীত যদি ব্রাহ্মণ লোভে অন্যজাতীয় রাজা হইতে প্রতিগ্রহ করেন তবে তিনি স্ববংশসহিতে একবিংশতি নরকে গমন করেন।”

“গ্রামং সুবর্ণং গাশ্চৈব বস্ত্রাণি বিবিধানি চ।
দক্ষিণার্থে দ্বিজাতিভ্যঃ প্রদদৌ স নৃপোত্তমঃ॥

দেবীবরঃ।

ঐ পঞ্চ ব্রাহ্মণকে মহারাজ আদিত্যসুর গ্রাম ও সুবর্ণ ও গাভী ও নানা প্রকার বস্ত্র দক্ষিণার্থে দান করিলেন।”

“ শ্রীপরমেশপাদপরস্য শ্রীআদিত্যসুরকায়স্থনৃপস্য ইত্যাদি।”

“ব্রহ্ম-কায়-সমুদ্ভূতঃ কায়স্থঃ বর্ম্মসংজ্ঞকঃ।
কলৌ হি ক্ষত্রিয়স্তস্য জপযজ্ঞেষু রাজনং॥

ব্যোমসংহিতায়াং মাধবাচার্য্যধৃতং।

ব্রহ্মার-কায় হইতে উৎপন্ন হইয়াছেন যে কায়স্থ ক্ষত্রিয় বর্ণ, কলিতে ইহারাই প্রকটরূপে ক্ষত্রিয় হয়েন ইহারাই জপ ও যজ্ঞ ও রাজ্যক্ষম হয়েন।”

গোযানা

“গোযানারোহিতান্ বিপ্রান্ খড়্গাচর্ম্মাদিভির্যুতান্।
পত্তিবেশান্ সমালোক্য বিষাদো জায়তে হৃদি॥
অশ্রদ্ধা জায়তে রাজ্ঞ ইতি জ্ঞাত্বা দ্বিজোত্তমাঃ।
আশীর্ব্বাদার্থ নির্ম্মাল্যং মল্লকাষ্ঠোপরিস্থিতং॥ ইত্যাদি

গোযানে আরোহিত ব্রাহ্মণ সকলকে ঢাল ও তলবার ধারণ

করিতে ও পেয়াদার বেশ ম্লেচ্ছাভাস দেখিয়া মহারাজার মনে দুঃখ হইয়া রাজার অশ্রদ্ধা হইল। ইহা মনে বুঝিয়া ঐ দ্বিজ মহাশয়েরা আশীর্ব্বাদীয় নির্ম্মাল্য মল্লকাষ্ঠের উপর রাখিয়াছিলেন ॥ ইত্যাদি।"

" কাম্বোজ দেশ হইতে পঞ্চ জন ব্রাহ্মণ ও পঞ্চ জন কায়স্থ-ক্ষত্রিয় যাত্রা করিয়া একত্রে গৌড়দেশে আসিলেন।

শ্রীদক্ষ, শ্রীভট্টনারায়ণ, শ্রীশ্রীহর্ষ, শ্রীবেদগর্ভক, শ্রীছান্দোগ্য নামে এই পঞ্চ ব্রাহ্মণ এবং শ্রীদশরথ বসু, শ্রীমকরন্দ ঘোষ, শ্রীবিরাট গুহ, শ্রীকালিদাস মিত্র, শ্রীপুরুষোত্তম দত্ত নামে এই পঞ্চ কায়স্থ ক্ষত্রিয়, এই দশ জন একত্র হইয়া কাম্বোজ দেশ হইতে গৌড়দেশে গমন করিলেন ইহাতেই প্রথমেই এই কায়স্থদিগের নাম সকলের দ্বারা এবং ব্রাহ্মণ দিগের সহিত ইহারা একত্র হইয়া গমন করণে সুস্পষ্ট নিশ্চয় হইতেছে যে এই সকল কায়স্থ মহাশয়েরা ক্ষত্রিয় বর্ণ ছিলেন কদাচ শূদ্র নহেন এতদর্থে মনু মহাশয় যৎকিঞ্চিৎ ইঙ্গিতে কহিয়াছেন।"

" অষ্টসিদ্ধ মৌলিকা।

১। মকরন্দ ইতি প্রতিভাতি যতিঃ।
দ্বিজবন্দ্যকুলোদ্ভব-ভট্টগতিঃ ॥
সচ ঘোষকুলাম্বুজভানুরয়ং।
প্রথিমেন্দুযশঃ সুরলোকবশঃ ॥

সততং স্বমুখী সুমতশ্চ সুধীঃ।
শরদিন্দু পয়োম্বুধিকুন্দযশাঃ॥ ইত্যাদি॥

১। শ্রীমকরন্দ নামে প্রতিষ্ঠান্বিত প্রভাকর তুল্য অর্থাৎ মকর জলজন্তুর ন্যায় বলবান্ এবং ভয়ানক দ্বিজ-শ্রেষ্ঠ বেদজ্ঞ প্রসিদ্ধ ভট্টনারায়ণ যাহার আচার্য্য তিনি ঘোষ কুলে চন্দ্র তুল্য ও যাঁহার সখা সূর্য্যদেব হয়েন ইহ পৃথিবীতে যশোরূপে চন্দ্রের স্বরূপ হয়েন আর দেবলোক পর্য্যন্ত যাঁহার বশীভূত। সর্ব্বদা সম্যক্ প্রকারে সুখী ধনবান্ জ্ঞানবান্ ইত্যাদি।

২। বসুধাধিপচক্রবর্ত্তিনো
বসুতুল্যা বসুবংশসম্ভবাঃ।
বসুধা বিদিতা গুণার্ণবৈ
র্নিয়তং তেজস্বিনো ভবন্তু নঃ॥
দশরথো বিদিতো জগতীতলে
দশরথঃ প্রথিতঃ প্রথমঃ কুলে।
দশদিশাং জয়িনাং যশসা জয়ী
বিজয়তে বিভবৈঃ কুলসাগরে॥ ইত্যাদি॥

২। পৃথিবীর চক্রবর্ত্তী রাজা এবং ক্ষত্রিয়, বসুদেবতা তুল্য পরাক্রম এবং বসুদেবতাবংশো দ্ভব, জগদ্বিখ্যাত, হইয়া নিয়ত ক্ষত্রিয়ত্ব তেজের গুণরূপ সমুদ্র। এই প্রযুক্ত ইনি দশরথ বলিয়া জগতে বিদিত হইয়াছেন। ইহা কেবল প্রতিষ্ঠান্বিত নাম হয়। রথে দশদিগ্ জয়ী

হইয়া এই জয়ী নাম যশোযুক্ত হইয়াছে। অর্থাৎ রথে দশ দিক্ জয় করিয়াছেন ইত্যাদি।

৩। যশস্বিনাং যশোধরঃ সদাহি সর্ব্বসাদরঃ
প্রমত্তসত্ত্বোমত্তোহি শরৎসুধাংশুবদ্যশঃ।
প্রতাপতাপনোত্তপ দ্দ্বিষালিয়োবিদালিকো
বিভাতি মিত্রবংশসিন্ধু কালিদাস চন্দ্রকঃ ইত্যাদি।

৩। সর্ব্বদা সকল লোকের আদরণীয় যশোযুক্ত ইহ উল্লাসিত তেজস্বী ক্ষত্রিয় গর্ব্বযুক্ত এবং শরৎ চন্দ্রের ন্যায় নির্ম্মল যশোন্বিত প্রতাপে সূর্য্যের ন্যায় সূর্য্য-বংশজ অর্থাৎ মিত্রবংশজ। ইহার নাম কালিদাস চন্দ্রক।

৪। দ্বিজালিপালনার্থ কোহপ্যসৌ চ হর্ষসেবকঃ।
কুলাম্বুজপ্রকাশকো যথান্ধকারদীপকঃ॥
অযংগুহকুলোদ্ভবো দশরথাভিধানোমহান্
কুলাম্বুজমধুব্রতোবিবিধিপুণ্যপুঞ্জান্বিতঃ।
নিশম্য গুহভাষিতং সকলসভ্যহাসংব্যভূৎ
সবঙ্গগমনোদ্যতো বিবিধমানভঙ্গো যতঃ॥ ইত্যাদি॥

৪। আমি গুহ-কুলোদ্ভব অর্থাৎ দেব সেনাপতি কার্ত্তিক-বংশজ প্রসিদ্ধ এজন্য দশরথ নামে বিখ্যাত প্রতাপবান্ কুলের কুলপদ্মস্বরূপ রাজসূয় ও ইন্দ্রযজ্ঞে যাজ্ঞিক যজ্ঞক্ষম এই যজ্ঞই আমার ব্রত এবং আর আর বিবিধ পুণ্যে পুণ্যান্বিত। আমার বিশেষ না জানিয়া গুহ বলিয়া সকল সভাসদ হাস্য করিলেন নাচার কিন্তু এরূপ দুর্ভাগ্য সম্ভাবিত হইতে পারে যেহেতু বঙ্গদেশসংলগ্নদেশে আগমন করি-

য়াছি তখন নানাপ্রকার অপমানের ভাজন হইয়াছি। ইত্যাদি।

৫। অহঞ্চ পুরুষোত্তমঃ কুলভৃদগ্রগণ্যঃ কৃতী
সুদত্তকুল সম্ভবো নিখিলশাস্ত্রবিদ্যোত্তমঃ॥ ইত্যাদি।

৫। আমি সকল শাস্ত্র বিজ্ঞাত আমার নাম পুরুষোত্তম স্বীয় কুলে অগ্রগণ্য ক্ষমতাবান্ ধার্ম্মিক দৈবানুষ্ঠিত দত্তকুলোদ্ভব দেববংশজ চতুর্ব্বেদ এবং ষট্‌শাস্ত্র-পঠিত ইত্যাদি।

কায়স্থ-কৌস্তুভ তৃতীয় সংখ্যা।

ভূমিকা।

পরমাত্মা আদৌ জগৎ সৃষ্টি করণে ইচ্ছা করিয়া একাংশে স্বীয় প্রকৃতি অধিষ্ঠানে বিরাট মূর্ত্তি শ্যামসুন্দর হইয়া সূর্য্য-রূপে উদয় হইলেন। অনন্তরূপের অনন্ত মহিমা অনন্ত নাম অনন্তধাম অনন্তরূপে হইল যথা।—

স্থূলাৎ স্থূলতমঃ সোপি. নাম্না দেবো মহাবিরাট।
পরমাণু র্যথাসূক্ষ্মাৎ পরঃস্থূলাৎ তথাপ্যসৌ॥
প্রত্যেকং প্রতিব্রহ্মাণ্ডে ব্রহ্মাবিষ্ণুশিবাদয়ঃ।
তিস্রঃ কোট্যঃ সুরাণাঞ্চ সংখ্যাঃ সর্ব্বত্র পুত্রক॥
দিগীশাশ্চৈব দিকপালা নক্ষত্রাণি গ্রহাদয়ঃ।
ভুবি বর্ণাশ্চ চত্বারোহপ্যধোনাগাশ্চরাচরাঃ॥
ততো দদর্শ তত্রৈব ব্রহ্মজ্যোতিঃ সনাতনং।
নবীনজলদশ্যামং দ্বিভুজং পীতবাসসং॥

ইতি ব্রহ্মবৈবর্ত্তে প্রকৃতিখণ্ডে ৩য় অধ্যায়ে।

অর্থাৎ পরমাত্মা স্বীয় প্রকৃতি অধিষ্ঠানে বিরাটমূর্ত্তি শ্যামসুন্দর দ্বিভুজ পীতবাস-পরিধানে সূর্য্যরূপে উদয় হই-লেন। এই স্থূল শরীরের নাম বিরাট হইল। গণ দেবতা সকল, গ্রহ সকল, ও ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র চতুর্বর্ণ বিরাট শরীরে তাবতে উৎপন্ন হইয়া প্রকাশমান হইলেন। সুর, সূর্য্য. মরীচি, মিত্র, চিত্র, বসু. গ্রহপতি ইত্যাদি অনন্তরূপে অনন্তনামে বিদিত হইলেন।

১২। দ্বাদশ নক্ষত্র ইহারা লেখ্য অধিষ্ঠাত্রী দেবতা হয়েন, ইহারা সর্ব্বশাস্ত্রে বিশারদ, মসীশ, শ্যামবর্ণ বর্ণময় লেখর্ষভ-

ধারী পঞ্চস্বরবর্ণে বর্ণিত, এবং স্বরস্বতী, ভারতী, ও বগলা দেবীর উপাসক হয়েন। পৃথিবীতে ইহাদিগের স্বীয় স্বীয় গুণ, ও কর্ম্ম ও ধর্ম্ম ব্যুৎপত্ত্যনুসারে মূলশব্দ সংজ্ঞা হইতে স্থূল স্থূল পরিবর্ত্তে পরিভোগ শব্দে ইহারদিগের নাম শাস্ত্রে ও লোকে প্রচলিত হইয়া রহিয়াছে। যথা—

শ্রীবৎস চিহ্ন নক্ষত্রনামানুকল্পে	...	শ্রীবাস্তব	কায়স্থ
মধু নক্ষত্রনামানুকল্পে	...	মাথুর	,,
গণেশ নক্ষত্রনামানুকল্পে	...	গৌড়	,,
সূর্য্যধ্বজ নক্ষত্রনামানুকল্পে	...	সূর্য্যধ্বজ	,,
নিগম নক্ষত্রনামানুকল্পে	...	নিগম	,,
অহিফণা নক্ষত্রনামানুকল্পে	...	ঐঠানা	,,
অগ্নি নক্ষত্রনামানুকল্পে	...	অম্বোষ্ঠ	,,
সহস্রায়ু সেনানী নক্ষত্রনামানুকল্পে	...	সকসেনা	,,
অনীল নক্ষত্রনামানুকল্পে	...	উনাথা	,,
রোচি নক্ষত্রনামানুকল্পে	...	রূড়ী	,,
বিশ্বকর্ম্ম নক্ষত্রনামানুকল্পে	...	বাল্মীক	,,
নৃসিংহ নক্ষত্রনামানুকল্পে	...	নাগর	,,

জাতি ও বর্ণ লোকের কর্ম্ম ও গুণদ্বারা এক দৃঢ় সংকল্পে হইয়া থাকে যথা বর্ণ ও বর্ণ-সঙ্কর।

বভূবুর্ব্রহ্মণোবক্ত্রাদন্যা ব্রাহ্মণজাতয়ঃ।
ব্রহ্মণো বাহুদেশাচ্চ জাতা ক্ষত্রিয়জাতয়ঃ॥
উরুদেশাচ্চ বৈশ্যাশ্চ পাদতঃ শূদ্রজাতয়ঃ।
তাসাং সঙ্করজাতেন বভূবুর্ব্বর্ণসঙ্করাঃ॥
গোপ-নাপিত-লীলাশ্চ তথা মোদক মূলবৌ।
তাম্বুলি পর্ণ-কারৌচ তথা বণিকজাতয়ঃ॥
ইত্যেবমাদ্যাবিপ্রেন্দ্র সৎশূদ্রাঃ পরিকীর্ত্তিতাঃ॥

ইতি ব্রহ্মবৈবর্ত্তে-ব্রহ্মখণ্ডে ১০ অধ্যায়ঃ।

ন শূদ্রা ভগবদ্ভক্তা স্তেঽপি ভাগবতোত্তমাঃ।
সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যস্যাভক্তি র্জনার্দ্দনে॥

পদ্মপুরাণং।

অর্থাৎ যে ব্যক্তি ভগবানের ভক্ত, তিনিই উত্তমবর্ণ হয়েন, নচেৎ তাবৎ বর্ণই শূদ্র, অর্থাৎ স্বধর্ম্মানুষ্ঠায়ী না হইলে দ্বিজেরাও শূদ্রবৎ হয়েন।'

ব্রহ্মকায় সমুদ্ভূতঃ	ব্রহ্মকায়াতে উৎপত্তি,
কায়স্থোবর্ম্মসংজ্ঞকঃ।	কণজকায়াতে স্থিত।
কলৌহিক্ষত্রিয়স্তস্য,	কলুষতে ক্ষত্রিয় হয়েন,
জপযজ্ঞেষু রাজনং।	জপ যজ্ঞ ইহার স্বধর্ম্ম।

ইতি ব্যোমসংহিতা।

ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ বাহু রাজন্যঃকৃতঃ।
উরু স্তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত

শ্রুতিঃ।

অর্থাৎ—ব্রাহ্মণ ব্রহ্মার মুখ হইতে একাকী উৎপন্ন হইয়াছেন এই সত্য বেদে কহেন।

চাতুর্বণ্যং ময়াসৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।
তস্য কর্ত্তারমপিমাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ং॥

গীতাস্মৃতি।

অর্থাৎ - লোকের গুণ ও কর্ম্মানুসারে অত্যুত্তম, উত্তম, মধ্যম, কনিষ্ঠ, এই চারিবর্ণ মাত্র সৃষ্টি করিয়াছি।

শব্দার্থে কায়স্থ ক্ষত্রিয় বর্ণ বিনির্ণয়ং। যথা—

ক শব্দে যমঃ। ইত্যনেকার্থকোষঃ।

া আকার শব্দে পঞ্চ প্রাণময়ং বর্ণং স্বয়ং।

য় শব্দে স্বয়ং কৈবল্য মূর্ত্তিমান। ইতি কামধেনুতন্ত্রং।

স্থ শব্দে স্থিতঃ। ইত্যমরঃ। জনিতা। ঐ পিতা।

ইতি শব্দরত্নাবলী।

ওঁতৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃস্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃপুরা॥

ভগবদগীত।

প্রণব উচ্চারণ ব্যতীত কোন মন্ত্র জপ ও যজ্ঞ ও দীক্ষা শিক্ষা ইত্যাদি কোন পুণ্যকর্ম্ম ও কোন সংস্কার সম্পূর্ণরূপে হয় না।

কায় প্রকাশ—বিরাট্‌কায়স্থিত কায়স্থ ক্ষত্রিয় কায় প্রকাশঃ নামক এক ব্যক্তি বেদের আর্য্যাছন্দঃ ত্রেতাযুগে প্রকাশ করণে আর্য্যাবর্ত্ত এই বর্ষের এক নাম বেদে ও তন্ত্রে লিখিয়াছেন যথা—

বিরাট কায়জ বংশ কায়স্থ ইতি বিস্মৃতঃ।
আর্য্যাছন্দপ্রকাশাৎ তু আর্য্যাবর্ত্তঃ প্রমুচ্যতে॥
অয়ংতু নবমস্তেসাং দ্বীপসাগরসংবৃতঃ।
যোজনানাং সহস্রংতু দ্বীপোয়ং দক্ষিণোত্তরাৎ॥

মেরুতন্ত্র ১৯৯ পটলে।

ব্রহ্মকায়োদ্ভব ব্রহ্ম কায়স্থ ক্ষত্রিয় কায় প্রকাশ নামে এক ব্যক্তি বেদের আর্য্যাছন্দঃ প্রকাশ করণে, এই বর্ষের নাম আয্যাবর্ত্ত হইয়াছে। এই বর্ষ নব খণ্ডের এক খণ্ড পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ সমুদ্র পর্য্যন্ত ইহ ৪০০০ ক্রোশ হয়েন।

ঐ রাজা কায়-প্রকাশ কায়স্থ মহাশয়ের রাজধানী বিদ্যা নগরে ছিল, ইহ বেদের আর্য্যাছন্দঃ যে প্রকাশ করেন, এই উপাখ্যান এই গৌড়দেশীয় মহামহোপাধ্যায় প্রাচীন পণ্ডিত চূড়ামণি নবদ্বীপ নিবাসী মহাশয়েরা দেশাধিপতি ইংরাজ রাজচক্রবর্ত্তির সভায় কহিয়াছেন এবং তাবতে স্বাক্ষর করিয়া

দিয়াছেন, ফাল্গুন মাসে ১১৮২ সনে। ইহাদিগের নাম ও উপাধি নিম্নে লিখিত হইল, পাঠকবর্গ মহাশয়েরা শুভ দৃষ্টি করিবেন। যথা—

শ্রীরামগোপাল ন্যায়ালঙ্কার। শ্রীকৃষ্ণচন্দ্র সার্ব্বভৌম।
শ্রীবীরেশ্বর ন্যায়পঞ্চানন। শ্রীগৌরীকান্ত তর্কসিদ্ধান্ত।
শ্রীকৃষ্ণজীবন ন্যায়ালঙ্কার। শ্রীকৃষ্ণকেশব তর্কালঙ্কার।
শ্রীবাণেশ্বর বিদ্যালঙ্কার। শ্রীসীতারাম ভট্ট।
শ্রীকৃপারাম তর্কালঙ্কার। শ্রীকালীশঙ্কর বিদ্যাবাগীশ।
শ্রীশ্যামসুন্দর ন্যায়সিদ্ধান্ত।

ইতি জনস্মৃতি।

ব্রাহ্মণ-পণ্ডিত-ব্যবস্থাপত্র পরে লিখিত হইবে।

এ জনস্মৃতিঃ ব্যবস্থা সংগৃহীত গ্রন্থ বর্ত্তমান দেশাধিপতি রাজচক্রবর্ত্তির বিদ্যালয়ে প্রস্তুত আছে পাঠকবর্গ মহাশয়েরা দৃষ্টি করিবেন।

অষ্ট মৌলিকাঃ———

দেবভূদেবো ভক্তো গুহসদৃশো গুহো দাস ঈশানদাস;
সেনদত্তঃ সুদত্তা মহিতজনচয়ঃ পালিতো ধর্ম্মপালঃ।
সিংহঃ সিংহপ্রতাপঃ ক্ষিতি নিকরকরো দানদক্ষঃ করোসৌ
গৌড়েষ্টৌ সংস্থিতাস্তে গুণগণনিপুণা মৌলিকত্বেনসিদ্ধাঃ।

কুলাচার্য্যকারিকা।

কান্যকুব্জপতির্ধীরঃ পত্রার্থে বিধৃতঃ সুধীঃ,
বিজ্ঞায় পণ্ডিতাঃসর্ব্বে আদিত্যশ্চাভিমন্ত্রিতঃ।
গৌড়েশ্বরোমহারাজা রাজসূয়মনুষ্ঠিতং—
তদর্থে প্রেরিতা যজ্ঞে উপযুক্তা দ্বিজা দশ।

কবিভট্টশালীবাহনধৃতং।

ক্ষত্রিয়ত্ব গতেশ্চোত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ।
তদভাব নির্দ্ধারণেচ প্রবৃত্তেঃ। ইতি বেদান্তঃ—

১ অধ্যায় ৩ পাদে ৩৫ ' ৩৭ সূত্রে।

এই শ্রুতির তাৎপর্য্য চৈত্ররথ প্রসিদ্ধ ক্ষত্রিয় কায়স্থ, চিত্রগুপ্ত পুত্র উপনয়ন পুনঃ সংস্কার করিয়া ক্ষত্রিয় হইয়াছেন।

যবন রাজা——ইংরাজী সন ১২০৩ সনে, বাঙ্গালা ৬১০ সনে শ্রীমান সুলতান কুতবোদ্দিন দিল্লীশ্বর যবন রাজা, কোন ক্ষত্রিয় কানবংশজ রাজ-প্রিয়-পাত্র প্রমুখাৎ রাজা লক্ষ্মণ সেনের দৌরাত্ম্য গৌড়দেশের প্রজাদিগের প্রতি শুনিয়া যবন রাজা মহাকোপে শ্রীবক্তাবর খীলজী নামক এক সেনাপতি শুবেদারকে এই গৌড়দেশ আক্রমণ করিয়া লইতে অনুজ্ঞা করিলেন। ঐ শ্রীবক্তাবর খীলজী সেনাপতি ঐ বৎসরে নবদ্বীপ রাজধানীতে ১৭ জন সৈন্য লইয়া আসিয়া উপস্থিত হইলেই রাজা লক্ষ্মণ সেন স্বপরিবারে বিনা যুদ্ধে স্ত্রীবেশে ভয়ে পলায়ন করিয়া বঙ্গদেশে গেলেন, শ্রীমান বক্তাবর খীলজী গৌড়দেশের রাজা হইলেন। এই বৎসরে গৌড়দেশ যবনাধিকার হইল।

ইতি বঙ্গোপাখ্যান।

এই গৌড়দেশ যবনাধিকার হইলে, পরে যবন রাজার দৌরাত্ম্য ও প্রজার প্রতি অবিচার ও শাস্ত্র ও দেবতা গো ব্রাহ্মণদিগের হিংসা অধর্ম্মের বৃদ্ধি অধিক হইয়া, বিষ্ণু ধর্ম্মের গ্লানি হইল, প্রজা সকল পাষণ্ডপ্রায় হইয়া নানা পশুহিংসা,

ও মনুষ্যহিংসা, এবং দূষ্য দস্যুবৃত্তি করণে প্রবৃত্ত হইল, প্রায় তাবল্লোকে তত্ত্বজ্ঞান ও হরিভক্তিসাধনায় বিমুখ হইয়া ভূত প্রেত বনদেবতা ও গ্রাম্যদেবতার ও গ্রাম্য-দেবীর অর্থাৎ কালুরায় ও দক্ষিণরায়, ঘেটু, মাখাল, ষষ্ঠী, মনসা, ও নানাজাতীয় বৃক্ষের সেবক ও উপাসক ও পূজক হইলেন।

যথা। ধর্ম্ম কর্ম্ম লোপে লোক এই মাত্র জানে।
মনসা মাখাল গীত করে জাগরণে॥
দম্ভ করি বিবহরি পূজে কোন জন।
পাতুলী করয়ে কেহ দিয়া বহু ধন॥
ইতি চৈতন্যভাগবতং।

এই সকল উপরোক্ত আচার ব্যবহারে প্রজা সকল অজ্ঞান অন্ধকারে মগ্ন হইয়া বিষ্ণু-ভক্তিপথে বিমুখ হইয়া বর্ণ-ধর্ম্ম-লোপে, পাপে যমালয়ে নরকে পতিত হইতে লাগিল। তখন কৃপানিধান শ্রীমান ব্রহ্মা পিতামহ মহাশয় নিজ প্রজাদিগের দুর্গতি শুনিয়া, ও দেখিয়া প্রজা পরিত্রাণার্থ শ্রীভগবান মধুসূদনকে উপায় জিজ্ঞাসা করিলেন, যথা—

শ্রুত্বাতু কলিধর্ম্মাংস্তান্ ব্রহ্মা লোকপিতামহঃ।
সর্ব্বলোকহিতার্থায় প্রোবাচ মধুসূদনং॥

শ্রীভগবানুবাচ।

অবতীর্ণো ভবিষ্যামি কলৌ নিজগণৈঃ সহ।
শচীগর্ভে নবদ্বীপে স্বধুনীপরিবারিতে॥
ধর্ম্মসংস্থাপনার্থায় বিহরিষ্যামি তৈরহং।
কালে নষ্টং ভক্তিপথং স্থাপয়িষ্যাম্যহং পুনঃ॥

কৃষ্ণচৈতন্যঃ গৌরাঙ্গো গৌরচন্দ্রো গৌরহরিঃ।
শচীসুতঃ প্রভুর্গৌরঃ নামানি ভক্তিদানিমে॥ ইত্যাদি

ইত্যানন্তসংহিতায়াং ৫৭ অধ্যায়।

পিতামহ ব্রহ্মা কলির দৌরাত্ম্য শ্রবণ করিয়া, গৌড়-দেশের প্রজাদিগের হিতার্থে শ্রীমধুসূদনকে লোক উদ্ধারের উপায় জিজ্ঞাসা করিলেন। শ্রীভগবান তদুত্তর করিলেন। যে আমি নিজ পরিকর সহিতে শচীগর্ভে নবদ্বীপে গৌড়-দেশের নূতন প্রজাদিগের পরিত্রাণ করিতে প্রকট হইব। কালক্রমে ক্ষত্রিয় রাজা বিহীনে প্রজাদিগের বিষ্ণুধর্ম্মে গ্লানি যাহা হইয়াছে তাহাকে পুনস্থাপনা করিব, অর্থাৎ বিষ্ণুভক্তি—ধর্ম্মস্থাপনে হরিভক্তিপ্রদানে বর্ণধর্ম্ম ও বর্ণাশ্রমধর্ম্ম ও যাগযজ্ঞ দানব্রত তপস্যা তাবৎ সৎকর্ম্ম স্থাপনা হইবে। কৃষ্ণ, চৈতন্য, গৌরাঙ্গ, শচীসুত, হরিভক্তিপ্রদ ইত্যাদি আমার নাম হইবে।

যদা যদাহি ধর্ম্মস্য গ্লানি র্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহং॥
পরিত্রাণায় সাধূনাং বিনাশায়চ দুষ্কৃতাং।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥

ইতি শ্রীভগবদ্গীতা।

যখন যখন ধর্ম্মের গ্লানি হয়, ভারতে তখন তখন ধর্ম্ম সংস্থাপনার্থে আমি প্রকট হইয়া থাকি, সাধুদিগের ত্রাণ করিয়া দুরাত্মাদিগের দমন করি।

উপরোক্ত শাস্ত্রানুসারে এই গৌড়রাজ্য যবনাধিকার হইল, পরে, ১৪৭ বৎসর গত হইলে, বাঙ্গালা ৭৫৭ সনে,

সম্বৎ ১৪০৭ সালে, ইংরাজী ১৩৫০, গৌড়দেশে নবদ্বীপে শ্রীগৌরাঙ্গ দেবের জন্ম হইল। ইহাঁর প্রকটের সমকালীনে অনেক অহিংস্রক ধর্ম্মবক্তা পণ্ডিত বেদ, পুরাণ ও স্মৃতি শাস্ত্র সকল প্রকট করিয়া, হরিভক্তিশক্তি প্রবলে গৌড়গণ-দিগকে পবিত্র করিলেন। ইহাঁর জন্মের প্রায় শত বৎসর পূর্ব্বে গৌড়ীয় লোক সংগৃহীত, গৌড়ীয়ভাষায় ও অক্ষরে কোন কবিতা ও কোন গ্রন্থ লেখা দৃষ্ট হয় না, যেহেতু লিখিত ও পঠিত বিদ্যা তৎকালে রাজাবিহীনে লোপ হইয়াছিল, এজন্য ধর্ম্মগ্লানি হইয়া ব্রহ্ম কায়স্থ ক্ষত্রিয়দিগের সংস্কার ও উপবীত চিহ্ন পরিত্যাগ হইয়া ইহাঁরা ব্রাত্য হইয়া প্রায় ৬০০ বৎসর রহিয়াছেন। পূর্ব্বলিখিত এই গ্রন্থের ব্যবস্থা দ্বারা প্রায়শ্চিত্ত করিয়া পুনঃসংস্কার করিলেই সংস্কৃত ক্ষত্রিয় হইবেন, এবং পিতৃ লোকদিগের তর্পণেও পিণ্ডদানে অধি-কারী হইবেন। যে ব্যক্তি যে জাতি হয়েন, তাঁহার বল, বুদ্ধি, বিদ্যা, সাহস ও পরাক্রম এবং তেজ ও বীর্য্য ও উৎকৃষ্ট এবং অপকৃষ্ট কর্ম্ম দ্বারা বর্ণ ও জাতির নিশ্চয় হয় যথা—

বর্ণাপেতমবিজ্ঞাতং নরং কলুষযোনিজং।
আর্য্যরূপমিবানার্য্যং কর্ম্মভিঃ স্বৈর্বিভাবয়েৎ॥

ইতি মনু, ১০ অধ্যায়, ৫৭ শ্লোক।

আপন আপন বর্ণ ও জাতি কেহ লুক্কায়িত করিতে পারেন না। যেমন এক ব্যক্তি জন্মে নীচবর্ণ অথবা বর্ণশঙ্কর নীচ কিন্তু লোকে তাঁহাকে না জানিয়া উত্তমবর্ণের সন্তান উৎকৃষ্ট কহে। ফলতঃ তিনি উত্তম জাতি নহেন কারণ তাঁহার নিজকৃত লঘু ও নিন্দিত আচার ও ব্যবহার কর্ম্মের

দ্বারা তাঁহাকে নীচবর্ণ করিয়া নিশ্চয় করিবে। অতএব ব্রহ্ম কায়স্থ ক্ষত্রিয় তেজস্বী বীর্য্যবান্ মহাশয়দিগের লক্ষণে ও পরাক্রমে ও রজোগুণ প্রাধান্যে ও ক্রূর ও উপদ্রবী স্বভাবে ক্ষত্রিয়বর্ণ পরিচয় হয়। যেহেতু ইহাঁদিগের প্রায় কাহারো দুর্ব্বল হৃদয় নয়, প্রায় সকলেই শাস্ত্রে ও অস্ত্রে যাগযজ্ঞে দানে রণে পণে প্রাড্‌বিবাক কর্ম্ম করণে উদ্যোগী হয়েন। অতএব আমাদিগের এই প্রার্থনা যে ব্রহ্ম কায়স্থ ক্ষত্রিয় মহাশয়েরা বিপক্ষদিগের বিতণ্ডায় শাস্ত্র শস্ত্র যুদ্ধে ক্ষত্রিয় স্বধর্ম্মে কেহ দুর্ব্বলহৃদয় হইবেন না। যথা—

মা ক্লৈব্যং গচ্ছ কৌন্তেয় নৈতত্ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ॥

শ্রী ভগবদ্গীতা স্মৃতি।

হে ব্রহ্মকায়স্থ ক্ষত্রিয়, এই যুদ্ধ বিষয়ে ভয়ে কাতর হইয়া দুর্ব্বল হৃদয়ে যুদ্ধে পরাঙ্মুখ হওয়া ক্ষত্রিয় স্বধর্ম্ম নহে। অতএব অতি তুচ্ছ মনের কাতরতা ত্যাগ করিয়া উঠ সবে করিতে সমর।

ব্রহ্মকায়স্থ ক্ষত্রিয় বর্ণ নানা প্রকার চিহ্ন দ্বারা ও নানা শাস্ত্র প্রকাশ দ্বারা ও রাজকার্য্য করণ দ্বারা ও বেদ উপনিষৎ সংগ্রহ করণে এবং নানা প্রকার গ্রন্থ পূর্ব্বাবধি রচনে ও সংগ্রহ করণে কায়স্থ ক্ষত্রিয় বর্ণ প্রতিপন্ন হইতেছে। যথা—

কায়স্থঃ চিত্রগুপ্ত যমবর্ম্মণঃ—ইঁহ ব্রহ্মকায়স্থদিগের আদি পুরুষ বর্ম্মণ মহাশয় বেদের কঠোপনিষৎ ইত্যাদি বক্তা যথা—

যমউবাচ। এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্ম এতদ্ধ্যেবাক্ষরং পরং।
এতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বা যোবদিচ্ছতি তস্যতৎ॥

ইতি শ্রুতিঃ।

কায়স্থঃ চিত্ররথ যমপুত্র বর্ম্মণঃ—ইন্দ্রজাল গ্রন্থ ইত্যাদি বক্তা যথা—

ইন্দ্রপ্রীত্যা চেদিপতিশ্চ কারেন্দ্র মহঞ্চসঃ।

ইতি মহাভারতং।

কায়স্থঃ শ্রীবাস্তব শ্রীবৎস বর্ম্মণঃ—মন্ত্রকারক মন্ত্র ইত্যাদি বক্তা যথা—

ভনন্দশ্চৈব ভৎসশ্চ, শ্রীবৎসশ্চৈব তে ত্রয়ঃ।
এতে মন্ত্রকৃতোজ্ঞেয়া বৈশ্যানাং প্রবরাঃস্মৃতাঃ॥

ইতি মৎস্যপুরাণে ১২১ অধ্যায়ঃ।

কায়স্থঃ কায়প্রকাশ বর্ম্মণঃ—বিদ্যানগরের রাজা রাজ-চক্রবর্ত্তী বেদের আর্য্যাছন্দঃ কর্ত্তা ও বক্তা যথা—

হর্ষাশ্রুস্তিমিতদৃশঃ প্রমোদরোমাঞ্চ কঞ্চুকাঞ্চিতদেহাঃ।
আর্য্যাগীতং ভক্তা গায়ন্তি শ্রীপতেশ্চরিতসম্বদ্ধাং॥

ইতি ছন্দো মঞ্জরী।

কায়স্থঃ কুলপ্রদীপ বর্ম্মণঃ—কোষ্ঠীপ্রদীপ ইত্যাদি বক্তা যথা—

আসীৎকুলপ্রদীপোত্র যত্র জন্মফলাফলং।

ইতি প্রদীপ।

কায়স্থঃ অমরসিংহ জৈনেন্দ্র বর্ম্মণঃ—অমরকোষ ইত্যাদি গ্রন্থবক্তা ও ব্যাকরণের টীকাকর্ত্তা।

ইতি অমরকোষঃ।

কায়স্থঃ দুর্গাদাস সিংহ বর্ম্মণঃ—বেণীসংহার নাটককর্ত্তা।

ইতি বেণীসংহার নাটক।

কায়স্থঃ ভট্টনারায়ণ সিংহ } বৈষয়িক এবং ন্যায়শাস্ত্রের
কায়স্থঃ ব্রজরাজসিংহ বর্ম্মণঃ } টীকাকার।

ইতি বৈষয়িক ভাষ্য।

কায়স্থঃ সর্ব্ববর্ম্মা বর্ম্মণঃ—কলাপ ব্যাকরণকর্ত্তা।

ইতি কলাপ।

কায়স্থঃ পদ্মচন্দ্র রায়বর্ম্মণঃ—ত্রিভুক্তি দেশের রাজা অমর-কোষের টীকাকার।

ইতি রাজমুক্তাবলী।

কায়স্থঃ মাণিকচন্দ্র রায়বর্ম্মণঃ—অলঙ্কার শাস্ত্রের ব্যাখ্যাকার।

ইতি অলঙ্কার টীকা।

কায়স্থঃ মহারাজ শৃঙ্খলঃ } গণনাবিদ্যা ও অঙ্কবিদ্যা ও
অর্থাৎ শুভঙ্করনামে খ্যাত } বীজগণিত বিদ্যা বক্তা।

ইতি অঙ্কবিদ্যা।

কায়স্থঃ বসু রামানন্দ গোস্বামী বর্ম্মণঃ—জগন্নাথমঙ্গলকর্ত্তা।

ইতি জগন্নাথমঙ্গল।

কায়স্থঃ রসিকানন্দ গোস্বামী বর্ম্মণঃ—বিন্দু প্রকাশক।

ইতি বিন্দুঃ।

কায়স্থঃ রায় রামানন্দ গোস্বামী বর্ম্মণঃ—ভক্তি প্রকাশক।

ইতি ভক্তিশাস্ত্র।

কায়স্থঃ রঘুনাথদাস গোস্বামী বর্ম্মণঃ—সাধন চতুষ্টয় বক্তা।

ইতি ভক্তিরসামৃত সিন্ধু।

কায়স্থঃ ত্রিলোচনদাস ঠাকুর বর্ম্মণঃ—চৈতন্যমঙ্গল গ্রন্থকর্ত্তা।

ইতি চৈতন্যমঙ্গল।

কায়স্থঃ সতানন্দরায় ঠাকুরবর্ম্মণঃ—ভাস্বতী ইত্যাদি জ্যোতিষ-কর্ত্তা।

ইতি ভাস্বতী।

কায়স্থঃ কাশীরাম দেববর্ম্মণঃ—মহাভারতের ভাষ্যকর্ত্তা।

ইতি মহাভারতীয় পয়ার।

কায়স্থঃ কৃষ্ণদেবগণ বর্ম্মণঃ—চিদানন্দ মন্দাকিনী নামে এক সংস্কৃত গ্রন্থকর্ত্তা। ইনি নবদ্বীপাধিপতি রাজা কৃষ্ণচন্দ্র রায়ের সভাধ্যক্ষ ছিলেন, এই গ্রন্থে অনেকানেক শাস্ত্রের প্রমাণ দিয়াছেন।

ইতি চিদানন্দ মন্দাকিনী।

কায়স্থঃ বাবু প্রাণকৃষ্ণ বিশ্বাস বর্ম্মণঃ—বৈষ্ণবামৃত গ্রন্থকর্ত্তা ঐ গ্রন্থের বচন, যথা—

তদাত্মজো রামহরি বিশ্বাসো বিশ্ববিশ্রুতঃ।
দানেন তপসাচৈব গুরুভক্তো জিতেন্দ্রিয়ঃ॥
"শিবঃ কাশী, শিবঃ কাশী, কাশী কাশী শিবঃ শিবঃ।"
ইতি জপ্ত্বা শিবস্যাগ্রে স্বেচ্ছয়া মুক্তিমাপ্তবান্।
তৎসুতঃ শ্রীপ্রাণকৃষ্ণ বিশ্বাসো বিজ্ঞসম্মতঃ।
ভূপো ভূপাগ্রগণ্যশ্চ শাস্ত্রবিদ্ধার্ম্মিকঃ ক্ষমী॥

ইতি প্রাণকৃষ্ণবৈষ্ণবামৃত।

কায়স্থঃ শ্রীমান রাজা রাধাকান্ত দেববর্ম্মণঃ—শব্দকল্পদ্রুম অভিধান ইত্যাদি গ্রন্থকর্ত্তা, এবং এই অভিধানে রাজা প্রণব ও ব্যাহৃতি ও গায়ত্রী ওঁকার উচ্চারণপূর্ব্বক ব্যাখ্যা করিয়াছেন। যথা—

তস্য উক্তং। অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারোস্তু মহেশ্বরঃ।
মকারেনোচ্যতে ব্রহ্মা প্রণবেন ত্রয়োমতাঃ॥ ইত্যাদি।

ইতি শব্দকল্পদ্রুমঃ।

এই পণ্ডিতরাজের জন্ম, যে বৎসরে যে দিনে সপ্ত ঋষি চিত্রা নক্ষত্রের ভোগাবসানে তুলারাশি ও স্বাতী নক্ষত্রে গমন ও অধিকার করিলেন, তৎকালে ঐ মহারাজার জন্ম তদধিষ্ঠাতৃদেবতা এক তুলাধারী পুরুষদেব। তত্র জাতস্য ফলং।

বক্তা বিদ্যাবরঃ সুধীঃ সৎকর্ম্মে তৎপরঃ।
ধনাঢ্যঃ বিদ্বান মান্যো ধন্যো নরেশ্বরঃ॥
ক্ষত্রবর্ণঃ শ্রীমান পুমান দ্বিজসুরার্চ্চনঃ।
গ্রন্থকর্ত্তা শাস্ত্রবেত্তা বক্তা শ্রুতিবিচক্ষণঃ॥

ইতি জ্যোতিষং।

কায়স্থঃ শ্রীমান মহারাজা কালীকৃষ্ণ দেববাহাদুর বর্ম্মণঃ—বানর্য্যষ্টক ইত্যাদি গ্রন্থকর্ত্তা। শ্রুতি, স্মৃতিঃ প্রভৃতি শাস্ত্রবেত্তা! গ্রন্থকর্ত্তার উক্ত বচনং যথা—

বৈদ্যং পানরতং নটং কুপঠিতং স্বাধ্যায়হীনং দ্বিজং
যুদ্ধে কাপুরুষং হয়ং গতরয়ং মূর্খং পরিব্রাজকং।
রাজানঞ্চ কুমন্ত্রিভিঃ পরিবৃতং দেশঞ্চ সোপদ্রবং
ভার্য্যাং যৌবনগর্ব্বিতাং পররতাং মুঞ্চন্তি শীঘ্রং বুধাঃ॥

ইতি বানর্য্যষ্টকং।

অর্থাৎ বৈদ্য মদ্যপ, বৈশ্য বানিজ্যে অপটু, ব্রাহ্মণ ব্রহ্মজ্ঞানহীন, ক্ষত্রিয়কায়স্থ যুদ্ধে কাপুরুষ, অশ্ব গতিরহিত, ভ্রমক বুদ্ধিহীন, ক্ষত্রিয়রাজা কুমন্ত্রীপরিবৃত, রাজধানীর অপরিচ্ছেদ, স্ত্রী যৌবনগর্ব্বিতা ও পরপুরুষগামিনী হয়েন, ইহাদিগকে পণ্ডিতেরা শীঘ্র ত্যাগ করেন।

কায়স্থঃ শ্রীমান বাবু জগন্নাথপ্রসাদ মল্লিক বসু বর্ম্মণঃ কানবংশজ কুলদীপক। আন্দুলাধিপতি। শব্দকল্পলতিকা নামাভিধান অর্থাৎ অমরার্থ মুক্তাবলী কর্ত্তা। যথা পয়ার।

শব্দকল্পমহীরুহে কোষশাখাময়।
কিসলয় কবিতা তাহাতে সুশোভয়॥

ইতি শব্দকল্পলতিকা।

শব্দকল্পতরঙ্গিণী নামাকোষ কর্ত্তা, তস্য ছন্দঃ যথা—

রাজ্যং যদাক্রান্তমিদং পুরা বৈ ভূপৈঃ
সুশোভনয়, নংযবনৈঃ সমাসীৎ ইত্যাদি।

শব্দকল্পতরঙ্গিণী।

কায়স্থ হিতার্ণবনামা গ্রন্থকর্ত্তা। তস্য পদ্ধতিঃ যথা—

"অনেক ব্যবহারস্থা বৈশ্যাঃ সন্তি চ তত্র বৈ,
তেষামুত্তমতা জাতৌ কায়স্থাক্ষরজীবিনৌ।
ভবন্তৌ বৈশ্যবর্ণস্থৌ দ্বিজন্মানৌ মহাশয়ৌ
কৃতোপবীতিনৌ স্যাতাং বেদশাস্ত্রাধিকারিণৌ।"

ইতি কায়স্থহিতার্ণবঃ।

